কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশের সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ মাদক ব্যবসায়ী নিহত

কুষ্টিয়ায় পুলিশের সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ মো. শহিদুল (৩৪) নামে এক মাদক ব্যবসায়ী নিহত হয়েছে। ঘটনাস্থল থেকে ১টি বিদেশি পিস্তল, ২ রাউন্ড গুলি ও ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ।

আজ বুধবার ভোরে দৌলতপুর উপজেলার বাগোয়ান গ্রামের একটি পান বরজের পার্শে এই বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে।

নিহত শহিদুল দৌলতপুর উপজেলার সীমান্তবর্তী জামালপুর গ্রামের মো. মানিকের ছেলে। সে দৌলতপুর থানায় ১৪টি মাদক মামলার আসামী।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে উপজেলার বাগোয়ান গ্রামের একটি পান বরজের পাশে দুইদল মাদক ব্যবসায়ী মাদক কেনা বেচা করছে।

এমন সংবাদের ভিত্তিতে দৌলতপুর থানা পুলিশের একটি দল সেখানে অভিযানে যায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পুলিশকে লক্ষ্য করে গুলি ছুঁড়ে। আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে মাদক ব্যবসায়ীরা পালিয়ে যায়।

পরে পুলিশ ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে গুলিবিদ্ধ অবস্থায় শহিদুলকে উদ্ধার করে দৌলতপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শহিদুলকে মৃত ঘোষণা করে।নিহত শহিদুলের লাশ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি

নারী পুলিশের আত্মহত্যা

ময়মনসিংহে সুইটি আক্তার (২২) নামের এক নারী পুলিশ কনস্টেবলের ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। তিনি দেড় মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। গতকাল শুক্রবার দুপুরে ময়মনসিংহ নগরের পুলিশ লাইনস এলাকার ভাড়া বাড়ি থেকে লাশটি উদ্ধার করা হয়।

কোতোয়ালি মডেল থানা সূত্র জানায়, সুইটি আক্তার ময়মনসিংহ পুলিশ লাইনসে কর্মরত ছিলেন। তাঁর বাড়ি নেত্রকোনার মোহনগঞ্জ উপজেলার টেংড়াপাড়া গ্রামে। কয়েক মাস আগে পুলিশ কনস্টেবল মোহাম্মদ হাফিজের সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল। পারিবারিক কলহের কারণে তিনি আত্মহত্যা করতে পারেন বলে ধারণা করছে পুলিশ।

কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল ইসলাম জানান, বাসায় ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় সুইটির মরদেহ দেখতে পান তাঁর স্বামী পুলিশ কনস্টেবল মোহাম্মদ হাফিজ। খবর পেয়ে থানা-পুলিশ গিয়ে লাশ উদ্ধার করে।

লাশটি ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এই ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য সুইটির স্বামীকে আটক করা হয়েছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

“মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাস নারী ও শিশু নির্যাতন কে ‘না’ বলুন শ্লোগানে ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ৬নং গান্না ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি।

সভায় গান্না ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হিরণ, পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাসসহ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সাধারণ জনতার বিভিন্ন অভিযোগের জবাব ও মতামত প্রদান করেন প্রধান অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

মেপ্র/ আরপি

কালীগঞ্জে প্রতিবন্ধি ধর্ষনের দায়ে যুবক গ্রেফতার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার জলকার মাজদিয়া গ্রামে বুধবার দুপুরে ২৪ বছরের স্বামী পরিত্যক্তা এক প্রতিবন্ধি নারী ধর্ষিত হয়েছে।

এ ঘটনায় ধর্ষক আলামিনকে গ্রেফতার করেছে পুলিশ। আলামিন একই গ্রামের তরকারী বিক্রেতা নরুন্নবীর ছেলে।

সুবর্নাসরা পুলিশ ক্যাম্পের তদন্ত কর্মকর্তা এএসআই সাকিল খান জানান, মঙ্গলবার দুপুরে ওই স্বামী পরিত্যক্তা মাঠে ছাগল চরাতে যায়। এ সময় আলামিনও মাঠে ছিল। মাঠে একা পেয়ে তাকে ধর্ষন করে পালিয়ে যায় ধর্ষক দুই সন্তানের জনক আলামিন।

খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে কালীগঞ্জ উপজেলার সোনালীডাঙ্গা গ্রাম থেকে মঙ্গলবার রাত ৮টার দিকে ধর্ষক আলামিনকে গ্রেফতার করে।

পুলিশ আরো জানায়, ধর্ষিত ওই নারীর বিয়ের পর সন্তান প্রসব করতে গিয়ে অঙ্গহানী ঘটে। এরপর তার স্বামী তালাক দেয়।

এ ব্যাপারে কালীগঞ্জ থানায় মামলার প্রস্তুতি চলছিল বলে এ.এস.আই সাকিল খান জানান।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে যুবলীগ নেতাকে পিটিয়ে জখম

ঝিনাইদহে আশরাফুল ইসলাম নামের এক যুবলীগ নেতাকে পিটিয়ে ও কুপিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

বুধবার সকালে সদর উপজেলার মধুহাটি ইউনিয়নের চোরকোল গ্রামে এ ঘটনা ঘটে। আহত আশরাফুল ইসলাম ওই গ্রামের মৃত আব্দুল বারিকের ছেলে ও মধুহাটি ইউপি সদস্য। এ ঘটনায় সদর থানায় একটি লিখিত অভিযোগ দাখিল করা হয়েছে।

লিখিত অভিযোগে জানা যায়, চোরকোল গ্রামের ডালিমের বাড়ির সামনে হতে গফফারের বাড়ি পর্যন্ত লোক চলাচলের জন্য একটি কাচা রাস্তা তৈরী করা হয়েছে। ওই গ্রামের কায়েমের নেতৃত্বে রাস্তার পাশে পুকুর কেটে ট্রাক্টর গাড়িতে করে ওই রাস্তা দিয়ে মাটি বহন করছে। যে কারণে নতুন রাস্তাটি মাটি ভেঙে চুরে নষ্ট হয়ে যাচ্ছে।

এ ঘটনার মঙ্গলবার প্রতিবাদ করায় বুধবার সকালে চোরকোল বাজারে হুজুর আলীর চায়ের দোকান থেকে বাড়ি ফেরার পথে পূর্ব থেকে ওৎ পেতে থাকা ওই গ্রামের গোলজার হোসেন, কায়েম আলী, ইসটালিংসহ বেশ কয়েকজন লোক তার উপর অতর্কিত হামলা চালিয়ে লোহার রড দিয়ে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর জখম করে।

এসময় তার আত্ম চিৎকারে আশেপাশের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ মধুহাটি ইউনিয়ন যুবলীগের আহবায়ক আশরাফুল ইসলামের উপর অতর্কিত হামালার তীব্র নিন্দা জানান এবং অবিলম্বে দোষিদের গ্রেফতারের দাবি জানান।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, এ ব্যাপারে একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেপ্র/ আরপি

চুয়াডাঙ্গায় গাঁজাসহ এক নারী মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রাম থেকে ৬ কেজি গাঁজাসহ মর্জিনা খাতুন (৪২) নামে এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

গতকাল মঙ্গলবার দুপুরে তাকে আটক করা হয়। আটককৃত মর্জিনা খাতুন দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামের মৃত দীন মোহাম্মাদের স্ত্রী।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, গতকাল মঙ্গলবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামে মর্জিনা খাতুনের বাড়িতে অভিযান চালায়।

এসময় নিজ বাড়িতে বাক্সে লুকিয়ে রাখা অবস্থায় ৬ পুটলা গাঁজা উদ্ধার করে তারা। যার ওজন প্রায় ৬ কেজি। উদ্ধারকৃত গাঁজার মূল্য ১ লাখ ৮০ হাজার টাকা।

গাঁজাসহ আটক নারীকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যালয়ে নেওয়া হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষ থেকে দামুড়হুদা থানায় মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে এলইডি সার্চ লাইট ও হাইড্রোলিক হর্নের বিরুদ্ধে অভিযান

ঝিনাইদহ যশোর মহাসড়কে চুটলিয়া নামক স্থানে চলাচলকারী বাস-ট্রাক, ইজি বাইক সহ বিভিন্ন যানবাহনে এলইডি লাইট, সার্চ লাইট ও হাইড্রোলিক হর্ন বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান পরিচালতি হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ অভিযান পরিচালিত হয়।

এসময় ট্রাফিন ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান, গৌরাঙ্গ পাল, মাজহারুল ইসলাম, সার্জেন্ট সুজনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর গৌরাঙ্গ পাল জানান, বাস-ট্রাকে হাইড্রোলিক হর্ন ব্যবহার নিষিদ্ধ। পাশাপাশি ইজিবাইকে এলইডি লাইট ও ট্রাকে সার্চ লাইট ব্যবহারের ফলে বড় দুর্ঘটনা ঘটতে পারে।

তাই পুলিশ সুপারের নির্দেশে এ অভিযানের মাধ্যমে শতাধীক বাস-ট্রাক থেকে হাইড্রোলিক হর্ন এবং সার্চ লাইট খুলে নেওয়া হয়।

পাশাপাশি ইজি বাইক থেকে খুলে নেওয়া হয় সাদা এলইডি লাইট। অপর ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান জানান, আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

মেপ্র/ আরপি

মেহেরপুর জেলার শ্রেষ্ঠ অফিসার

ইনচার্জ গাংনী থানার ওবাইদুর রহমান

মেহেরপুর জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ (ওসি) নির্বাচিত হয়েছেন গাংনী থানার ওবাইদুর রহমান।

রোববার (১৯ জানুয়ারি) দুপুরে মেহেরপুর পুলিশ লাইন্স মাঠে অনুষ্ঠিত সব কর্মকর্তা ও ফোর্সের সাপ্তাহিক মাস্টার প্যারেড, মাসিক কল্যাণ ও অপরাধ সভায় জেলার পুলিশ সুপার (এসপি) এসএম মুরাদ আলী এ ঘোষণা দেন।

আদালতের পরোয়ানাভূক্ত আসামি গ্রেফতার, সন্ত্রাস দমন, মাদক ও অপরাধ নির্মূলসহ আইনশৃঙ্খলার উন্নয়নে অসামান্য অবদান রাখায় তাকে ২০১৯ সালের মেহেরপুরের শ্রেষ্ঠ ওসি হিসেবে নির্বাচিত করা হয়।

এসপি এসএম মুরাদ আলীর সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, সহকারী পুলিশ সুপার শেখ মোস্তাফিজুর রহমান রহমান।

এসময় সদর, মুজিবনগর ও জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি ও বিভিন্ন স্তুরের পুলিশ কর্মকর্তারা ও অন্য পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

কার্পাসডাঙ্গায় পুুুলিশি অভিযানে এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

গতকাল শুক্রবার ভোর রাতে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার

এলাকা থেকে ৭ বোতল ফেন্সিডিল সহ হাসিবুল ইসলাম (৩২) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ।

গ্রেফতারকৃত হাসিবুল ইসলাম সীমান্তবর্তী মুন্সিপুর গ্রামের সানোয়ার হোসেনের ছেলে।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে ভোর সাড়ে ৪ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সামনের রাস্তার ওপর অভিযান চালিয়ে ৭ বোতল ফেন্সিডিল সহ তাকে আটক করা হয়।

গ্রেফতারকৃতের নামে মাদক মামলা দিয়ে গতকালই দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করেছে বলে ক্যাম্পসূত্রে জানা গেছে।

মেপ্র/ আরপি

গাংনীর সাহেবনগর থেকে ৩৫ বোতল ফেন্সডিল সহ আটক-১

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রাম থেকে ৩৫ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তাকে আটক করা হয়। আটককৃত হলো উপজেলার কাজিপুর গ্রামের মধ্যো পাড়ার ইনামুলের ছেলে সাইফুল ইমলাম (৩০)।

পুলিশ সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় মাদক পাচারকারী সাইফুল ইসলাম মাদক বিক্রয়ের উদ্দেশ্যে সাহেবনগর দক্ষিণ পাড়ায় অবস্থান করছে।

এমন সংবাদের ভিত্তিতে এসআই অজয় কুমার ও এ এস আই আহম্মেদ আলি সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আটক মাদক ব্যবসায়ী সাইফুল ইসলামকে মাদক মামলা দায়ের পূর্বক মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেপ্র/ আরপি